

## সৃজনশীল মেধা অন্বেষণ জাতীয় পর্যায়ে ১২ মেধাবী নির্বাচিত

নিজের প্রতিবেদক ●

শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত জাতীয় পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতায় ১২ মেধাবী শিক্ষার্থী নির্বাচিত হয়েছে। উপজেলা, জেলা, বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা করে চূড়ান্ত পরে তারা জাতীয় পর্যায়ে স্থান পেলে। গতকাল শনিবার বিকালে এ ফলাফল ঘোষণা করা হয়।

ভাষা ও সাহিত্য, দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান, গণিত ও কম্পিউটার, বাংলাদেশ ষ্ট্রিডিজ—এই চারটি বিষয়ে তিনটি গ্রুপে (ষষ্ঠ-অষ্টম, নবম-দশম ও একাদশ-দ্বাদশ) উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষে সাতটি বিভাগ ও ঢাকা মহানগর থেকে ৯৬ শিক্ষার্থী এ প্রতিযোগিতায় অংশ নেয়। ১২ মেধাবী হলো 'ভাষা ও সাহিত্য' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে ঢাকার ওজাইডট্রি-উসিএ পার্স স্কুলের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী হুমায়রা আদিকা বিজয়ী হয়েছে। নবম-দশম গ্রুপে বিজয়ী হয়েছে রাজশাহী জেলার সরকারি পিএন বালিকা উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী অনিকা বুলরা। একাদশ-দ্বাদশ গ্রুপে সুনামগঞ্জ সরকারি কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী মধুরিমা সাহা বিজয়ী হয়।

'দৈনন্দিন বিজ্ঞান/বিজ্ঞান' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে নীলফামারী সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী বুলরা অদিব। নবম-দশম গ্রুপে বিজয়ী হয়েছে সুনামগঞ্জ জেলার সরকারি জুবিলী উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী সুপাখু জয়। একাদশ-দ্বাদশ গ্রুপে বিজয়ী হয়েছে চট্টগ্রাম কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী মোহাম্মদ আজমাঈন ইকতিদার।

'গণিত ও কম্পিউটার' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে চট্টগ্রাম সরকারি উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী তাহনিক নূর সায়ীন। নবম-দশম গ্রুপে বিজয়ী হয়েছে রাঙ্গামাটি সরকারি উচ্চবিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী তুষন দে। একাদশ-দ্বাদশ গ্রুপে বিজয়ী হয়েছে দিলেট জেলার সরকারি এমসি কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী

আজওয়াদ আনজুম ইসলাম।

এ ছাড়া বাংলাদেশ ষ্ট্রিডিজ' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী আফিয়া আনজুম জামান জেবা। নবম-দশম গ্রুপে বিজয়ী হয়েছে রাজশাহী জেলার সরকারি পিএন বালিকা উচ্চবিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী মোসা. মোসবারত মেহজাবীন। একাদশ-দ্বাদশ গ্রুপে বিজয়ী হয়েছে বরিশাল বিভাগের বরগুনা জেলার আমতলী ডিগ্রি কলেজের একাদশ শ্রেণীর শিক্ষার্থী আ. বাহিত মোস্তা।

সকালে রাজধানীর রেসিডেন্সিয়াল মডেল কলেজ মিলনায়তনে সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৩ জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নহিদ। শিক্ষামন্ত্রী বলেন, দেশে মেধাবীরাই তরদের সৃজনী প্রতিভার মাধ্যমে রাণার্বী মনে যোগ্যতরভাবে দেশ চলাবে ও বিশ্বসতায় নিজেদের স্থান করে নেবে। এদের মধ্য থেকে বেছে নিয়ে আমরেন বিশ্বসেরা শিক্ষক, সাহিত্যিক, উৎস্রুষ্টি বিশেষজ্ঞ, বিজ্ঞানী, গণিতবিদ, রাজনীতিবিদ, অর্থনীতিবিদসহ বিভিন্ন পেশাজীবী, মন্ত্রী আরও বলেন, বিরোধী দল ও জামায়াত আযাদের পুরো শিক্ষার্থীবাহর্যাকে ধরেনে করার জন্য বিবেকহীনভাবে একের পর এক হরতাল দিয়েই যাচ্ছে। তাদের বিবেক জাফত করার আযাহানও জানান তিনি।

অনুষ্ঠানে শিক্ষাসচিব কামাল আবদুল নাসের চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ফাহিমা খাতুন, রেসিডেন্সিয়াল মডেল কলেজের অধ্যক্ষ কর্নেল মো. মোসলেহ উদ্দিন কুজো, বিচারক প্রতিনিধি হিসেবে মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি ডা. সারওয়ার আলী প্রমুখ বক্তব্য দেন। সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক) এস এ মাহমুদ। আয়োজকেরা জানান, জাতীয় পর্যায়ে বিজয়ী ১২ মেধাবীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৩ এপ্রিল এক লাখ টাকা ও-সনদ প্রদান করবেন।